

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১

**সারাদেশের বেসরকারি হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টার এবং ক্লিনিকসমূহের সেবা বিষয়ে  
পর্যালোচনা সভার কার্যবিবরণী**

**সভার স্থান:** মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)  
**তারিখ ও সময়:** ১৮-১১-২০২০ বুধবার, বিকাল ১১.৩০ টা  
**সভাপতি:** জনাব জাহিদ মালেক এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার করণীয় বিষয়ে সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন। জাতীয় দুর্ঘটনাকালীন সময়ে সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি হাসপাতালেও কোডিড-১৯ সহ অন্যান্য চিকিৎসা সেবা প্রদান করে হচ্ছে। তাই সবাইকে একসাথে করোনা ভাইরাস চিকিৎসাকে আরও কিভাবে সহজলভ্য করা যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তাই সরকারি-বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলোকে কোডিড-১৯ সম্ভাব্য ২য় ওয়েভ এর গুরুত বিবেচনা করণ: তা মোকাবেলা করার লক্ষ্যে সর্তক ও প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া যাদের স্বাস্থ্য সেবা প্রদানের যোগ্যতা নেই তাদেরকে চিহ্নিত করে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করতে হবে। যে সকল প্রতিষ্ঠানের লাইসেন্স নেই বা নবায়ন করা হয়নি অথবা কেন লাইসেন্স নবায়ন হচ্ছে না তা তদারকির জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া বেসরকারি প্রতিষ্ঠানে সেবার মূল্যাতালিকা নির্ধারণের জন্য আলোচনা হয়। একটি কমিটি গঠনের মাধ্যমে এ বিষয়ে সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মাননীয় মন্ত্রী মহোদয় মত প্রকাশ করেন। এছাড়া সকল ভরের জনগণের আবশ্যিকভাবে মাস্ক পরিধান করা এবং No Mask, No Service এই প্লেগান বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর তার বক্তব্যে বলেন বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/প্যাথলজি/ডায়াগনস্টিক সেন্টারে সরকার নির্ধারিত ফি/চার্জ থাকা বাস্থনীয়। মানসম্পদ ক্লিনিক ও যন্ত্রপাতি ভেদে সেবা মূল্যের তারতম্য হয়ে থাকে। বর্তমানে “The Medical practice, Private clinics & Laboratories (Regulations) Ordinance-1982” অধ্যাদেশ অনুযায়ী বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে “বেসরকারী ও নার্স এসোসিয়েশন” কর্তৃক ধার্যকৃত ফি অনুসারে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা ও সেবা মূল্যের ফি নেয়া হয়ে থাকে। এই ফি চার্ট প্রতিষ্ঠানের দৃশ্যমান হ্রানে টানানো রয়েছে। কমিটি গঠনের মাধ্যমে সেবা মূল্য ও ক্যাটাগরি নির্ধারণে গুরুত্বারূপ করেছেন।

০৩। ডাঃ মো: মনিরুজ্জামান ভূইয়া, সভাপতি, প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক এসোসিয়েশন বলেন, বাংলাদেশের বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান নিরবিচ্ছিন্নভাবে স্বাস্থ্য সেবা দিয়ে আসছে। দেশের প্রায় ৬০ ভাগ স্বাস্থ্য সেবা বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানের মাধ্যমে নিশ্চিত করা হচ্ছে। কিন্তু সে তুলনায় দেশে মাত্র ১,০৪,০০০ জন ডিপ্লোমাধারী নার্স রয়েছে। এর মধ্যে প্রায় ৬০ হাজার নার্স সরকারি হাসপাতাল কর্মরত এবং অবশিষ্ট ৪৪ হাজার নার্স দিয়ে বেসরকারি প্রতিষ্ঠান ৬০ ভাগ স্বাস্থ্য সেবা নিশ্চিত করা কষ্টসাধ্য। ক্যাটাগরি অনুযায়ী ৮টি ডিভিশনে তাদের প্রতিনিধির মাধ্যমে আলোচনাক্রমে সর্বসম্মতভাবে সেবা মূল্য নির্ধারণের বিষয়ে মতামত দেন। এছাড়া বেসরকারি যে সকল প্রতিষ্ঠানে অনিয়ম হচ্ছে বা সেবার পরিবেশ নেই তাদেরকে নোটিশ দিয়ে বক্ষ করার বিষয়ে বক্তব্য দেন।

০৪। সিনিয়র ডাইস প্রেসিডেন্ট, প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক এসোসিয়েশন বলেন বেসরকারি স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের লাইসেন্স সময় মত নবায়ন হচ্ছে না। তাছাড়া লাইসেন্সিং প্রক্রিয়া আরও কিভাবে সহজ করা যায় সে বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়াও ষ্ট্যান্ডার্ড অনুযায়ী সেবা প্রদান, বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের ক্যাটাগরি নির্ধারণসহ বিভিন্ন বিষয়ে বক্তব্য পেশ করেন।

W.M.K.

নং-৪৫.১৬২.১১৬.০০.০০০০.২৫.১৮-২২৫

তারিখ : ১৮-১৫-২০২০ খ্রি:

১৫/১৮/২০২০  
(উল্লেখ ইব্রাে) ১৮/১৮/২০২০

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০৯৮৮

ই-মেইল: phm1@hsd.gov.bd

বিতরণ (জ্যোত্তর ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. লাইন ডাইরেক্টর (হসপিটাল সার্ভিস ম্যানেজমেন্ট), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. প্রাইভেট সেক্রেটারী/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ এ্যাসোসিয়েশন, ঢাকা।
৭. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ প্রাইটিশনার এ্যাসোসিয়েশন, ঢাকা।
৮. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রাইভেট ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক ওনার্স এ্যাসোসিয়েশন, ঢাকা।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)